১৭।

দৈনিক সংবাদ

তারিখ 18 FEB 1997
পৃষ্ঠা ৭ কলাম ৪

## শিক্ষা বোর্ডের নতুন নিয়ম

# কিশোর অপরাধীরা এসএসসি পরীক্ষা থেকে বঞ্চিত হচ্ছে

টঙ্গী, ১৭ই ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– শিক্ষা বোর্ডে নতুন নিয়ম প্রবর্তনের কারণে জাতীয় কিশোর সংশোধনী প্রতিষ্ঠানের কিশোর অপরাধী নিবাসীরা এ বছর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। দশ বছর লেখাপড়া করার পর এসএসসি পরীক্ষা দিতে না পেরে কিশোর নিবাসীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। টঙ্গীস্থ জাতীয় কিশোর সংশোধনী প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সূত্রে এই তথ্য জানা যায়।

১৯৭৮ সালে জাতীয় কিশোর অপরাধী সংশোধনী প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হবার পর থেকে প্রতিবছর এখানকার অপরাধী কিশোররা যথারীতি এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে আসছে। পরবর্তীতে তারা কর্তৃপক্ষের বিশেষ সহযোগিতায় নিকটস্থ টঙ্গী সরকারি কলেজে ভর্তি হয়ে এইচএসসি পর্যায়ে লেখাপড়া করেছে। শিক্ষা বোর্ডের প্রচলিত নিয়মে জাতীয় কিশোর সংশোধনী প্রতিষ্ঠানে অবস্থানকারী অপরাধী নিবাসীরা "জেল প্রাইভেট" পরীক্ষার্থী হিসেবে এতদিন এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করত।

সম্প্রতি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড প্রাইভেট ও জেল প্রাইভেট নিয়ম বন্ধ করে দিয়েছে। ফলে কিশোর অপরাধী নিবাসীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোন বিদ্যালয়ের ছাত্র হিসেবে অথবা জেল প্রাইভেট পরীক্ষার্থী হয়ে এখন আর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রাম চালু করা হয়েছে। কিশোর অপরাধীদের ক্ষেত্রে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভূমিকা কি হবে জানা যায়নি।

জাতীয় কিশোর সংশোধনী প্রতিষ্ঠানটি মূলত একটি ক্ষুদ্র জেলখানা। অনূর্ধ্ব ষোল বছরের কিশোর অপরাধীদের এখানে রেখে এসএসসি পর্যন্ত লেখাপড়ার পাশাপাশি সংশোধনী কার্যক্রম পরিচালনা করা হয়। এই প্রতিষ্ঠানটির অতি নিকটে এসএসসি ও এইচএসসি এমনকি ডিগ্রি পরীক্ষার সেন্টার থাকার কারণে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অপরাধী নিবাসীদের লেখাপড়ায় উৎসাহী করে গড়ে তুলতে এসব পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করতে সহায়তা করেন। এখানে অবস্থান করেও অপরাধী নিবাসীরা উচ্চ শিক্ষার সুযোগ পেয়ে নিজেকে সংশোধিত করে শিক্ষিত হয়ে গড়ে উঠছে যা সংশোধন কার্যক্রমকে ত্বরান্বিত করছে।

সম্প্রতি শিক্ষা বোর্ডের নিয়ম পরিবর্তনের কারণে অপরাধী কিশোরেরা অনিশ্চয়তায় পড়েছে।